

মিডিয়া বিজ্ঞপ্তি (ঢাকা): নভেম্বর ২০, ২০১৭

সামিট পাওয়ার ইন্টারন্যাশনালে নতুন তিন ইন্ডিপেনডেন্ট ডিরেক্টর



ফটো ক্যাপশন: সামিট পাওয়ার ইন্টারন্যাশনালের চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খান ও ম্যানেজিং ডিরেক্টর আয়েশা আজিজ খানের সাথে নতুন তিন ইন্ডিপেনডেন্ট ডিরেক্টর। (বাম থেকে) আবদুল্লাহ তারমুগী, লিম হুই হুয়া ও ট্যাং কিন ফেই।

সামিট পাওয়ার ইন্টারন্যাশনাল তাদের পরিচালনা পরিষদকে আরো শক্তিশালী ও সম্প্রসারণ কার্যক্রমের অংশ হিসেবে তিন জন ইন্ডিপেনডেন্ট ডিরেক্টর নিয়োগের ঘোষণা দিয়েছে। এ ঘোষণার মাধ্যমে প্রতিষ্ঠানটির কৌশলগত নেতৃত্ব এবং কর্পোরেট গভর্নেন্স আরো শক্তিশালী হলো।

সামিট পাওয়ার ইন্টারন্যাশনালের পরিচালনা পরিষদে নিয়োগ পাওয়া ব্যক্তিবর্গ হলো আবদুল্লাহ তারমুগী, লিম হুই হুয়া এবং ট্যাং কিন ফেই। এর মধ্যে আবদুল্লাহ তারমুগী নমিনেটিং ও রিমুইনারেশন কমিটির চেয়ারম্যান এবং লিম হুই হুয়া অডিট কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন। অন্যদিকে ট্যাং কিন ফেই স্ট্র্যাটেজি এন্ড ইনভেস্টমেন্ট কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

আবদুল্লাহ তারমুগী সিংগাপুর সরকারের প্রেসিডেন্টাল কাউন্সিল ফর মাইনরিটি রাইটস এর সদস্য। এর আগে তিনি সিংগাপুর পার্লামেন্টের স্পিকার এর দায়িত্ব পালন করেছেন।

লিম হুই হুয়া সিংগাপুরের টেমবুসু পার্টনারস প্রাইভেট লিমিটেডের ডিরেক্টর। এর আগে তিনি সিংগাপুর পার্লামেন্টের নির্বাচিত সদস্য হিসেবে দায়িত্ব পালন করেছেন।

ট্যাং কিন ফেই বর্তমানে এসআইএ ইঞ্জিনিয়ারিং কোম্পানীর ডিরেক্টর এবং ডেপুটি চেয়ারম্যান। এর আগে তিনি সেম্বকর্প ইন্ডাস্ট্রিজ লিমিটেডের গ্রুপ প্রেসিডেন্ট ও চীফ এক্সিকিউটিভ অফিসার এর দায়িত্ব পালন করেছেন।

সামিট পাওয়ার ইন্টারন্যাশনাল এবং সামিট গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খান বলেন, “সামিট পাওয়ার ইন্টারন্যাশনালের পরিচালনা পরিষদে যোগদানের জন্য বোর্ড এবং ব্যবস্থাপনা কমিটির পক্ষ থেকে আমি আবদুল্লাহ

তারমুগী, লিম হুই হুয়া এবং ট্যাং কিন ফেই-কে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। কর্পোরেট গভর্নেন্সে উচ্চমান বজায় রাখতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ। আশা করি তাদের যোগদানের মাধ্যমে আমাদের পরিচালনা পরিষদ এবং ব্যবস্থাপনা কমিটি অধিক দক্ষ এবং অভিজ্ঞতাসম্পন্ন হয়ে উঠবে। আমরা প্রত্যাশা করি তাদের কৌশলগত অন্তর্দৃষ্টি এবং বুদ্ধিবৃত্তিক দিক নির্দেশনায় সামিট পাওয়ার ইন্টারন্যাশনালের অগ্রযাত্রা ত্বরান্বিত হওয়ার পাশাপাশি উদীয়মান এশিয়ায় প্রধান জ্বালানী সরবারকারি হিসেবে প্রতিষ্ঠিত হবে।”

নতুন তিনজন ডিরেক্টরসহ সামিট পাওয়ার ইন্টারন্যাশনের মোট ডিরেক্টর সংখ্যা গিয়ে দাঁড়ালো আটজন। এর মধ্যে রয়েছে তিনজন ইন্ডিপেনডেন্ট ডিরেক্টর। সামিট পাওয়ার ইন্টারন্যাশনাল সামিট গ্রুপের একটি অঙ্গপ্রতিষ্ঠান যেটি মূলত বাংলাদেশে অবকাঠামো খাতে অন্যতম বৃহৎ ব্যবসায়িক প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির বিদ্যুৎ, জ্বালানী, বন্দর, শিপিং, হসপিটালিটি ও ইনফরমেশন টেকনোলজি খাতে ৭,০০০ হাজারেও বেশী কর্মী কাজ করে।

বিস্তারিত তথ্যের জন্য:

মোহসেনা হাসান | ইমেইল-mohsena.hassan@summit-centre.com | মোবাইল- +৮৮০১৭১৩০৮১৯০৫ |